

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ৩৭টি প্রতিষ্ঠানকে ২.৩৮ লক্ষ টাকা জরিমানা

৩০ নভেম্বর ২০১৬ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, ঢাকা বিভাগীয় কার্যালয় ও বিভিন্ন জেলা কার্যালয়ের ১২ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, মানিকগঞ্জ, নেত্রকোণা, গোপালগঞ্জ, নারায়ণগঞ্জ, ফরিদপুর, ঠাকুরগাঁও, রাজশাহী, সাতক্ষীরা ও জয়পুরহাটে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালক মোঃ আবদুল মজিদের নেতৃত্বে ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে মোঃ জসিম উদ্দিনের হোটেল, আবু তাহের হোটেল ও আমেনা হোটেলকে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও ২,০০০/- (দুই হাজার) টাকাসহ মোট ১২,০০০/- (বার হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর শেরেবাংলা নগর এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে আল্লাহর দান হোটেলকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভী কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে গোলাপ শাহ হোটেল এন্ড রেস্তুরেন্ট, সূর্যেবানু রেস্তুরা ও সরলা বেকারী কনফেকশনারী এন্ড সুইটসকে যথাক্রমে ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) ও ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকাসহ মোট ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

মানিকগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাগফুর রহমানের নেতৃত্বে মানিকগঞ্জের ঘিওর উপজেলায় ৬টি প্রতিষ্ঠানকে ৩১,০০০/- (একত্রিশ হাজার) টাকা, নেত্রকোণা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ইব্রাহীম হোসেনের নেতৃত্বে নেত্রকোণার মদন উপজেলায় ৭টি প্রতিষ্ঠানকে ২৩,০০০/- (তেইশ হাজার) টাকা, গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামীম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জ সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাহমিনা বেগমের নেতৃত্বে নারায়ণগঞ্জের আড়াইহাজার উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৩,০০০/- (তিন হাজার) টাকা এবং ফরিদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফেরদৌস শিকদারের নেতৃত্বে ফরিদপুরের সদরপুর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৮,০০০/- (আট হাজার) টাকাসহ মোট ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মূল্যে তালিকা প্রদর্শন না করা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঠাকুরগাঁও জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান আল মারুফের নেতৃত্বে ঠাকুরগাঁও সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা, রাজশাহী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহীর মোহনপুর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৭,০০০/- (সাত হাজার) টাকা, সাতক্ষীরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে সাতক্ষীরা সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৬,০০০/- (ছয় হাজার) টাকা, জয়পুরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরিফুল ইসলামের নেতৃত্বে জয়পুরহাটের ক্ষেতলাল উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৮,০০০/- (আট হাজার) টাকাসহ মোট ২৬,৫০০/- (ছাব্বিশ হাজার পাঁচশত) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মূল্যে তালিকা প্রদর্শন না করা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ১২টি বাজার তদারকির মাধ্যমে ৩৭টি প্রতিষ্ঠানকে মোট ২,৩৮,৫০০/- (দুই লক্ষ আটত্রিশ হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানিটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(আফরোজা রহমান)

সহকারী পরিচালক (কার্যক্রম)

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র‍্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, রাজশাহী, খুলনা ও রংপুর মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, মানিকগঞ্জ, নেত্রকোণা, গোপালগঞ্জ, নারায়ণগঞ্জ, ফরিদপুর, ঠাকুরগাঁও, রাজশাহী, সাতক্ষীরা ও জয়পুরহাট।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, মানিকগঞ্জ, নেত্রকোণা, গোপালগঞ্জ, নারায়ণগঞ্জ, ফরিদপুর, ঠাকুরগাঁও, রাজশাহী, সাতক্ষীরা ও জয়পুরহাট।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।